

এই তো ভরা হল ফুলে ফুলে ফুলের ডালা ।
 ভরা হল- কে নিবি কে নিবি গো, গাঁথিবি বরণমালা ।
 চম্পা চামেলি সঁউতি বেলি
 দেখে যা সাজি আজি রেখেছি মেলি-
 নবমালতীগন্ধ-ঢালা ॥
 বনের মাধুরী হরণ করো তরুণ আপন দেহে ।
 নববধু, মিলনশুভলগন-রাত্রে লও গো বাসরণেহে-
 উপবনের সৌরভভাষা,
 রসতৃষিত মধুপের আশা ।
 রাত্রিজাগর রজনীগন্ধা-
 করবী রূপসীর অলকানন্দা-
 গোলাপে গোলাপে মিলিয়া মিলিয়া রচিবে মিলনের পালা ॥

Parjaay: Natya-geeti

Visit www.geetabitan.com for notation and other detail